

আপনি অবশ হলি, তবে বল দিবি তুই কারে ?  
 উঠে দাঁড়া, উঠে দাঁড়া, ভেঙে পড়িস না রে ॥  
 করিস নে লাজ, করিস নে ভয়, আপনাকে তুই করে নে জয়—  
 সবাই তখন সাড়া দেবে ডাক দিবি তুই যারে ॥  
 বাহির যদি হলি পথে ফিরিস নে আর কোনোমতে,  
 থেকে থেকে পিছন-পানে চাস নে বারে বারে ।  
 নেই যে রে ভয় ত্রিভুবনে, ভয় শুধু তোর নিজের মনে—  
 অভয়চরণ শরণ ক'রে বাহির হয়ে যা রে ॥

---

Parjaay: Swadesh, Taal: Dadra, Raag: Ramkeli  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail